গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩
www.lawjusticediv.gov.bd

নং ৯৮০-বিচার-৩/১ডি-০৩/২০১৬ তারিখঃ ০১/১২/২০১৬ খ্রিঃ

## প্রজ্ঞাপন

যেহেতু, কক্সবাজারের সাবেক জেলা ও দায়রা জজ বর্তমানে জামালপুর এর বিশেষ জজ (জেলা জজ) জনাব মোঃ মোক্তার আহমেদ এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (ডি) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৩/২০১৬ নং বিভাগীয় মোকদ্দমা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, কক্সবাজারের সাবেক জেলা ও দায়রা জজ বর্তমানে জামালপুর এর বিশেষ জজ (জেলা জজ) জনাব মোঃ মোক্তার আহমেদ এর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্যের প্রেক্ষিতে তার বিরুদ্ধে রুজুকৃত ০৩/২০১৬ নং বিভাগীয় মোকদ্দমায় আনীত অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ কামনা করলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের সিদ্ধান্তে একমত পোষণ করেন;

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে কক্সবাজারের সাবেক জেলা ও দায়রা জজ বর্তমানে জামালপুর এর বিশেষ জজ (জেলা জজ) জনাব মোঃ মোক্তার আহমেদ-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০৩/২০১৬ নং বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ-

(আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক)
সচিব।

নং ৯৮০/১(৯)-বিচার-৩/১ডি-০৩/২০১৬ তারিখঃ ০১/১২/২০১৬ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ**

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ, কক্সবাজার/জামালপুর।
৩। জনাব মোঃ মোক্তার আহমেদ, বিশেষ জজ (জেলা জজ), জামালপুর।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৭। সচিব মহোদয়ের একান্ত সচির, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (উপরের প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)।
৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

04/12/2016

(মোঃ নুরুল আলম সিদ্দীক)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৭৬৬৩১ (অঃ)।
section3@lawjusticediv.gov.bd